NYC Department of Education

স্পেশালাইজড হাই স্কুলের প্রস্তাবনা

সকল শিক্ষার্থীর জন্য স্পেশালাইজড় হাই স্কুল ভর্তিতে অধিক সমতা তৈরি

স্পেশালাইজড় হাই স্কুলগুলি হলো:

- The Bronx High School of Science
- The Brooklyn Latin School
- Brooklyn Technical High School
- High School for Mathematics, Science and Engineering at the City College of New York
- High School of American Studies at Lehman College
- Queens High School for the Sciences at York College
- Staten Island Technical High School
- Stuyvesant High School

এই তালিকার অন্তর্ভুক্ত নবম স্কুল হচ্ছে LaGuardia High School, যেটা এই প্রস্তাবের অন্তর্ভুক্ত নয়।

লক্ষ্য

একবারের বেশী পরীক্ষা দেয়াটা বিবেচনায় রাখুন

কঠোর অধ্যবসায়ের সাথে পড়ালেখা করে যান

বৈচিত্রময়তা (ডাইভারসিটি) বাড়ান

একটি ভাল এবং সুষ্ঠু ভর্তি প্রক্রিয়াঃ

- **শিক্ষার্থীদের ভর্তির প্রস্তাব পাঠানোর সময় - শুধুমাত্র স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT) নয় - অনেকগুলো বিষয় মাথায় রাখুন।**
  - একটি মাত্র পরীক্ষার ফলাফল একটি শিক্ষার্থীর সঠিক মুল্যায়ন করতে পারে না।
  - নিউ ইয়র্ক সিটি হচ্ছে সারা দেশের মধ্যে একমাত্র ডিসট্রিক্ট যেটা কিনা শুধুমাত্র একটি পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে শিক্ষার্থীদের স্কুলে ভর্তি করে।
- **স্পেশালাইজড় হাই স্কুলগুলোতে (SHS) কঠোর শিক্ষা কার্যক্রম বজায় রাখতে হবে।**
- **স্পেশালাইজড় হাই স্কুলগুলোতে (SHS) শিক্ষার্থীদের মধ্যে বৈচিত্রময়তা বাড়াতে হবে।**
  - 2016 সালে, স্পেশালাইজড় হাই স্কুলগুলোতে (SHS) যত শিক্ষার্থীকে ভর্তির প্রস্তাব পাঠানো হয়েছে, তার 50% গিয়েছে নিউ ইয়র্ক সিটির যতগুলো মিডল স্কুল আছে তার মাত্র 4% স্কুলে। আমরা চাই যত শিক্ষার্থী SHS স্কুলগুলোতে যাবে, তারা আসবে সিটির সবগুলো মিডল্ স্কুল থেকে এবং এছাড়াও আমাদের সিটিতে যে জনবৈচিত্রময়তা আছে ওটা এখানেও প্রতিফলিত করতে চাই।
  - নিউ ইয়র্কের স্কুলগুলোতে কালো এবং লাতিনো শিক্ষার্থীর পরিমাণ হচ্ছে 68% কিন্তু মাত্র 9% স্পেশালাইজড় হাই স্কুলগুলোতে ভর্তির হবার প্রস্তাব পায়।
  - নিউ ইয়র্কের স্কুলগুলোর 75% নিম্ন আয়ের পরিবার থেকে আসে, কিন্তু মাত্র 40% স্পেশালাইজড় হাই স্কুলগুলোতে ভর্তির হবার প্রস্তাব পায়।

*তত্ত্বানুসন্ধাণের মূল ভিত্তি হচ্ছে – *এক্সাম স্কুলস:* ***ইনসাইড আমেরিকাস মোস্ট সিলেক্টিভ পাবলিক হাই স্কুল পপুলেশন*** **লিখেছেন ফিন এবং হকেট**

প্রস্তাবনাটি কি?

এখন

ডিসকভারি প্রোগ্রাম বাড়িয়ে 20% সিট দেয়া হোক।

যেসব স্কুলে অধিক সংখ্যক দরিদ্র শিক্ষার্থী আছে সেই স্কুলগুলোর দিকে লক্ষ্য দিতে হবে।

পার্ট 1

- প্রতিটি স্পেশালাইজড় হাই স্কুলে (SHS) ডিসকভারি প্রোগ্রাম (Discovery Program) বাড়িয়ে 20% সিট দেয়া হোক।

ডিসকভারি প্রোগ্রাম হচ্ছে একটি গ্রীষ্ম (সামার) কালীন পড়লেখায় উন্নতির কর্মসূচী যেটা কিনা যেসব শিক্ষার্থী দরিদ্র কিন্তু পড়ালেখায় খুব ভাল করছে তাদেরকে স্পেশালাইজড় হাই স্কুলগুলোতে (SHS) ভর্তি হতে সাহায্য করে।

	শিক্ষার্থীরা মনোনীত হবার যোগ্য হবে যদি তারা নিম্নলিখিত তিনটি মানদণ্ডের সবগুলো পুরো করেঃ
1	SHSAT যে সর্বনিম্ন ফলাফল দরকার তারচেয়ে একটু কম পেয়েছে।
2	তারা পিছিয়ে আছে তাদের পরিবারের নিম্ন আয়ের কারনে, আবাসিক অবস্থার কারনে, অথবা ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) হবার কারনে।
3	অধিক সংখ্যক দরিদ্র শিক্ষার্থী (হাই পোভার্টি) আছে যে স্কুলে সেখানে পড়ছে।

হাই পোভার্টি স্কুলগুলোর অর্থনৈতিক চাহিদা সূচক (ইকনমিক নিড ইনডেক্স ENI) থাকে অন্ততপক্ষে 60%. এটা থেকে অনুমান করা হয় স্কুলের কত শতাংশ শিক্ষার্থী অর্থনৈতিক দারিদ্রের মধ্যে আছে। যেকোন স্কুলের ENI আপনি দেখতে পাবেন স্কুল পারফরমেন্স ড্যাশবোর্ডেঃ tools.nycenet.edu/dashboard/

পরবর্তী ধাপ

SHSAT আস্তে আস্তে বাতিল করে দিতে হবে।

সবচেয়ে ভাল করছে যেসব শিক্ষার্থী তাদেরকে ভর্তি হবার প্রস্তাব পাঠানো হবে।

পার্ট 2

- সামনের তিন বছরের মধ্যে, SHSAT আস্তে আস্তে বাতিল করে দিতে হবে।
- DOE -এর যতগুলো মিডল্ স্কুল আছে সবগুলোর সবচেয়ে ভালো ফলাফলকারী 7% শিক্ষার্থীকে স্পেশালাইজড্ হাই স্কুলে (SHS) ভর্তি হবার প্রস্তাব পাঠানো হবে।
  - সবচেয়ে ভালো ফলাফলকারীর হিসেবে করা হবে, (1) তাদের 7 গ্রেডে দেয়া নিউ ইয়র্ক স্টেটের গণিত এবং ELA পরীক্ষার ফলাফলের উপর, এবং তারা 7 গ্রেডে ইংরেজি, অঙ্ক, সমাজপাঠ ও বিজ্ঞানে তাদের ক্লাসের অন্যান্য শিক্ষার্থীর থেকে কত ভাল করেছে; সেটার উপর ভিত্তি করে।
  - শিক্ষার্থীদের ঐ ফলাফলের উপর ভিত্তি করে প্রতিটি স্কুলে কোন কোন শিক্ষার্থী সবচেয়ে ভাল করছে তার তালিকা তৈরি করা হবে।
  - SHS -এ ভর্তির প্রস্তাব পেতে হলে শুধুমাত্র নিজের স্কুলে হলেই হবে না, পুরো সিটির সর্বোচ্চ 25%-এর মধ্যেও থাকতে হবে।

নিউ ইয়র্ক স্টেটের বর্তমান আইন অনুযায়ী SHS -এ ভর্তি হবার একমাত্র মানদণ্ড হচ্ছে SHSAT পরীক্ষা। এই আইনের কোন রকম পরিবর্তন আনতে হলে নিউ ইয়র্ক স্টেটের আইন-সভার আবশ্যিকভাবে ভোট দিতে হবে।

ফলাফল প্রস্তুতের সূত্র (কম্পজিট স্কোর ফরমুলা) : ক্লাসের কোর্সগুলার ফলাফল ধরা হবে 55% + নিউ ইয়র্ক স্টেটের গণিত এবং ELA পরীক্ষার ফলাফলের জন্য ধরা হবে 45%

পরবর্তী ধাপ

SHSAT আস্তে আস্তে বাতিল করে দিতে হবে।

সবচেয়ে ভাল করছে যেসব শিক্ষার্থী তাদেরকে ভর্তি হবার প্রস্তাব পাঠানো হবে।

পার্ট 2: আস্তে আস্তে বাতিল করে দেয়ার প্রস্তাবনা

	ভর্তি হবার প্রস্তাব পাঠানো হবে...
প্রথম বছর:	প্রথম দেয়া হবে: প্রতিটি মিডল স্কুলের সবচেয়ে ভাল ফলাফলকারী 3% শিক্ষার্থীকে (যত প্রস্তাব যাবে তার ~25%) তারপর দেয়া হবে: যেসব শিক্ষার্থী SHSAT পরীক্ষার মাধ্যমে যোগ্য হয়েছে (যত প্রস্তাব যাবে তার ~75%)
দ্বিতীয় বছর:	প্রথম দেয়া হবে: প্রতিটি মিডল স্কুলের সবচেয়ে ভাল ফলাফলকারী 5% শিক্ষার্থীকে (যত প্রস্তাব যাবে তার ~50%) তারপর দেয়া হবে: যেসব শিক্ষার্থী SHSAT পরীক্ষার মাধ্যমে যোগ্য হয়েছে (যত প্রস্তাব যাবে তার ~50%)
তৃতীয় বছর:	প্রথম দেয়া হবে: প্রতিটি মিডল স্কুলের সবচেয়ে ভাল ফলাফলকারী 7% শিক্ষার্থীকে (যত প্রস্তাব যাবে তার ~90%) তারপর দেয়া হবে: যেসব শিক্ষার্থী পাবলিক স্কুলে যাচ্ছে না, যেসব শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটিতে নতুন এসেছে, এবং অন্যান্য শিক্ষার্থী যারা SHS -এ ভর্তি হতে উৎসাহি এবং ক্লাসে তাদের সর্বনিম্ন গড় গ্রেড হচ্ছে 93% (A-). এই শিক্ষার্থীরা একটি লটারিতে অংশগ্রহণ করবে বাকি সিটগুলোর জন্য। (যত প্রস্তাব যাবে তার ~10%) **এর মানে হচ্ছে ভর্তি প্রস্তাব আর SHSAT -র উপর ভিত্তি করে পাঠানো হবে না।**



প্রতিটি শিক্ষার্থীর মিডল্ স্কুলের ফলাফলের তালিকা DOE নির্ণয় করবে।
স্কুল অথবা শিক্ষার্থীর বাড়তি কোন তথ্য প্রদান করার প্রয়োজন হবে না।

এই প্রস্তাবনা কি উদ্দেশ্য পুরো করবে?

অ্যাকাডেমিকস

মিডল স্কুলের সবচেয়ে ভাল ফলাফলকারী 7% শিক্ষার্থীর অ্যাকাডেমিক রেকর্ড SHSAT পরীক্ষার মাধ্যমে ভর্তির প্রস্তাব পাওয়া শিক্ষার্থীদের সমমানের



ভর্তির প্রস্তাব পাওয়া বর্তমান শিক্ষার্থীরা

- গড় GPA: 94%
- স্টেট পরীক্ষার গড় ফলাফলের মাত্রাঃ 4.1



মিডল স্কুলের সবচেয়ে ভাল ফলাফলকারী 7% শিক্ষার্থীরা

- গড় GPA: 94%
- স্টেট পরীক্ষার গড় ফলাফলের মাত্রাঃ 3.9

অ্যাকাডেমিকস

ফলাফলের মাত্রা



গড় গ্রেড



সবচেয়ে ভাল ফলাফলকারী 7% শিক্ষার্থীর এবং ভর্তির প্রস্তাব পাওয়া শিক্ষার্থীর স্টেট পরীক্ষার ফলাফল এবং গড় গ্রেড সমমানের

ভৌগলিকভাবে

2x

মিডল্ স্কুলের প্রতিনিধিত্ব বাড়বে

4x

ব্রংক্স-এর শিক্ষার্থীদের ভর্তির প্রস্তাব বাড়বে

যেসব স্কুলে বর্তমানে ভর্তির প্রস্তাব যাচ্ছে



সবচেয়ে ভাল ফলাফলকারী 7% শিক্ষার্থীর স্কুলে ভর্তির প্রস্তাব পাঠানো হলে





গণ-পরিসংখ্যা

SHS -এর গণ-পরিসংখ্যা নিউ ইয়র্ক সিটির গণ-পরিসংখ্যার সাথে অনেক কাছাকাছি ভাবে মিলবে।

36%

ভর্তির প্রস্তাব বাড়বে, কালো এবং লাতিনো শিক্ষার্থীদের মাঝে।

18%

ভর্তির প্রস্তাব বাড়বে, মেয়ে শিক্ষার্থীদের মাঝে।



দারিদ্র্যতা

21%

ভর্তির প্রস্তাব বাড়বে, অল্প আয়ের পরিবারের শিক্ষার্থীদের মাঝে।

প্রতিটি গ্রুপেই ভর্তির প্রস্তাবের পরিমাণ বৃদ্ধি পেতে দেখা যাবে।



দ্রষ্টব্য: উপরের উপাত্ত্য শুধুমাত্র যেসব অল্প আয়ের পাবলিক স্কুলের শিক্ষার্থীর পরিবারের তথ্য পাওয়া গেছে সেগুলোর উপর ভিত্তি করে।

বাড়ির ভাষা

SHS –এ ভিন্ন ভিন্ন বাড়ির ভাষা ব্যাবহারকারী শিক্ষার্থীর বৈচিত্রময়তা বাড়বে।

আমাদের এই মডেলে আমরা দেখতে পাই যে নিম্নলিখিত জাতিগত শিক্ষার্থীদের পরিমাণ বাড়বে এবং ওদের ভাষাগুলো হচ্ছেঃ

এশিয়ান:
উর্দু, টাগালোগ (ফিলিপিনো)

আফ্রিকান
ফ্রেঞ্চ, ফুলানি, টুই, ম্যান্ডিংকা, এবং সনিঙ্কে

ক্যারিবিয়ান/লাতিনো
হেশিয়ান ক্রেওল, স্প্যানিশ

ককেশিয়ান
আলবেনিয়ান, পোলিশ

মিডল ইস্টার্ন
আরবি

বাড়িতে সবচেয়ে বেশী ব্যাবহৃত ইংরেজি ভিন্ন অন্য ভাষা



এই মডেল অনুযায়ী বাড়িতে সবচেয়ে বেশী ব্যাবহৃত ইংরেজি ভিন্ন অন্য ভাষার শিক্ষার্থীর অনুপাত সাথে সমগ্র নিউ ইয়র্ক সিটির গ্রেড ৪-এর শিক্ষার্থীর বাড়িতে ব্যাবহৃত ভাষার অনুপাতের মিল রয়েছে।

আমরা

আর্লি এডুকেশন বৃদ্ধি করছি

আরো চ্যালেঞ্জিং পাঠ্যসূচী দিচ্ছি

স্কুলের অর্থায়ন বৃদ্ধি করছি

আমরা আর কি করছি?

সমতা এবং ভাল ফলাফল সবার জন্য (ইক্যুইটি অ্যান্ড অ্যাক্সেলেন্স ফর অল)

- সমতা এবং ভাল ফলাফল সবার জন্য (ইক্যুইটি অ্যান্ড অ্যাক্সেলেন্স ফর অল)-এর উদ্দেশ্য হচ্ছে সব শিক্ষার্থীদের কলেজে এবং পেশাগত জিবনে সফল হওয়ার একটা পথ তৈরি করে দেয়া।
  - আমাদের তিন বছর বয়সী এবং চার বছর বয়সী শিক্ষার্থীরা, **3-K ফর অল** এবং **প্রি-K ফর** অল-এর মাধ্যমে স্কুল শুরু করছে আগে থেকে, বিনামূল্যে, পূর্ণদিবস, এবং উচ্চ-মানসম্পন্ন পাঠ্যসূচী দিয়ে।
  - আমাদের স্কুলগুলো দক্ষতা এবং নির্দেশনার ভিত্তি আরো মজবুত করছে **সবার জন্য সাক্ষরতা** (ইউনিভার্সাল লিটারেসি) এবং **সবার জন্য বীজগণিত** (অ্যালজেব্রা ফর অল) -এর মাধ্যমে।
  - আমাদের স্কুলগুলো শিক্ষার্থীদেরকে আরো চ্যালেঞ্জিং, হাতে-কলমে, কলেজ এবং পেশাগত দক্ষতার সাথে মিল রেখে **কমপিউটার সায়েন্স ফর অল** এবং **এপি ফর অল** প্রদাণ করছে।
  - নিউ ইয়র্কের পাবলিক স্কুলগুলোতে শিক্ষার্থীদের জন্য ন্যায্য অর্থায়ন (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং) -এর মাধ্যমে আরো **350 মিলিয়ন ডলার বেশী** বিনিয়োগ করছি।
- আমরা কি কি উন্নয়ন করছি?
  - 2017 -এর শিক্ষার্থীদের গ্রাজুয়েশনের হার ছিল এযাবৎ কালের সর্বোচ্চ – 74.3%।
  - 2016 -এর হাইস্কুল পরবর্তী (পোস্টসেকেন্ডারি) ভর্তির হার ছিল এযাবৎ কালের সর্বোচ্চ – 57%।
  - 2017 -এর ব্যাচের কলেজ প্রস্তুতির হার ছিল এযাবৎ কালের সর্বোচ্চ – 64%।
  - 2016 -তে প্রথমবারের মত ইএলএ এবং গণিত স্টেট পরীক্ষায় নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীরা, স্টেট-এর শিক্ষার্থীদের থেকে ভাল ফলাফল করেছে। 2013 সাল থেকে, প্রতিনিয়ত নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের ইংরেজির দক্ষতার হার 54% বৃদ্ধি পেয়েছে।

এই উদ্দ্যোগগুলোর কারনে, 2026 সালের মধ্যে 80% শিক্ষার্থী সময়মত হাই স্কুল শেষ করতে পারার এবং দুই তৃতীয়াংশ শিক্ষার্থী কলেজের জন্য প্রস্তুত হতে পারার পথ আমরা নিশ্চিত করছি।

এরপর কী?

আমরা সারা শহরব্যাপী কমিউনিটি সাথে, পরামর্শ প্রচারের গ্রুপদের সাথে, এবং প্রাক্তন শিক্ষার্থীদের গ্রুপদের সাথে এক যোগ হয়েছি এবং তাদের কি প্রয়োজন বোঝার চেষ্টা করছি, কি উদ্বেগ আছে শুনছি, এবং তাদের মতামত এই প্রস্তাবনায় একযোগ করেছি।

SHS -এর ভর্তি প্রক্রিয়ার কোন রকম পরিবর্তন আনতে হলে নিউ ইয়র্ক স্টেটের আইন-সভার আবশ্যিকভাবে ভোট দিতে হবে এবং এই পরিবর্তন গুলোতে অনুমোদন করতে হবে।

স্টেট আইনে কোন পরিবর্তন হোক বা না হোক, আমরা 2019-এর গ্রীষ্মে (সামার) আমাদের প্রস্তাবনার পার্ট 1 – ডিসকভারি প্রোগ্রাম (Discovery Program) সম্প্রসারণ - শুরু করে দিব।

কোন প্রশ্ন? ইমেইল করুন diversity@schools.nyc.gov